

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

[ আইন-২ অধিশাখা ]

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.২৭৬.২০১৭-৭২

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪২৪  
৩০ জুলাই ২০১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-৬৩৬৭/২০১৭ [পিটিশনার জনাব মোঃ সোহেল, পিং মোঃ শাহজাহান, সাং-চরকালকিনি, ডাইভার, ইউএনও অফিস, উপজেলাঃ কমলনগর, জেলাঃ লক্ষ্মীপুর-বনাম-সরকার ও অন্যান্য] এ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০৭.০৬.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ১৪.০৫.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ডাইভার এবং অন্যান্য পদে নিয়োগের জন্য ১৪.০৮.২০১৪ তারিখের ২৩০১ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৮ (আট)জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত নিয়োগ বিজ্ঞপ্তি কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা এবং পিটিশনারের চাকুরি আত্মীকরণের আদেশ কেন দেয়া হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মাননীয় আদালতের আদেশ মোতাবেক কারণ দর্শানোর জবাব নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত/প্রেরণ করা সম্ভব হয়নি।

২. এমতাবস্থায়, ২নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণ পূর্বক সরকার পক্ষে জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলায় প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ ওকালতনামা ১ (এক) ফর্দ।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর

সলিসিটর উইং

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩. যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি/মাস্টার কপি।